দর্শনা ইমিগ্রেশনে দেশত্যাগের সময় হত্যা মামলার আসামি আটক

চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে ভারতে যাওয়ার সময় দেশত্যাগে নিষেধাজ্ঞাপ্রাপ্ত মাহবুব আলম (৪৯) নামে এক বাংলাদেশি নাগরিককে আটক করেছে ইমিগ্রেশন পুলিশ।

শুক্রবার (৯ অক্টোবর) বেলা ১২টার দিকে দর্শনা আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্টে পাসপোর্ট ও ভিসা যাচাইয়ের সময় তাঁকে আটক করা হয়।

আটক মাহবুব আলম কুষ্টিয়া সদর থানার যুগিয়া দরগাপাড়া এলাকার আনসার শেখের ছেলে।
সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ২০২৫ সালের ১৫ আগস্ট কুষ্টিয়া সদর থানায় দায়ের করা একটি মামলায় মাহবুব আলমের বিরুদ্ধে অভিযোগ রয়েছে। মামলাটির এফআইআর নম্বর ১২ এবং জিআর নম্বর ৩১৪। মামলায় মারামারি, বেআইনি জমায়েত, বাধা প্রদান ও হত্যাসহ বিভিন্ন অভিযোগ আনা হয়েছে। এ মামলার কারণে তাঁর দেশত্যাগের ওপর নিষেধাজ্ঞা ছিল।

দর্শনা ইমিগ্রেশন চেকপোস্টের ইনচার্জ এসআই তুহিন মিয়া ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, পাসপোর্ট ও ভিসা যাচাইয়ের সময় মাহবুব আলমের বিরুদ্ধে মামলা ও গ্রেপ্তারি পরোয়ানার তথ্য পাওয়া যায়। পরে তাঁকে হেফাজতে নেওয়া হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে তাঁকে দর্শনা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে

মুজিবনগরে ফেনসিডিল সহ একাধিক মাদক মামলার আসামি আটক

৬০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ মো ইনসান বিশ্বাস নামের এক মাদক কারবারীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মাদক ব্যবসায়ী ইনসান বিশ্বাস মুজিবনগর উপজেলার সীমান্তবর্তি

জয়পুর গ্রামের আব্দুল বিশ্বাসের ছেলে।

আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) দিবাগত রাত ৯ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে ইনসান বিশ্বাসের বাড়িতে অভিযান চালিয়ে ৬০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তাকে আটক করেন।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের পরিদর্শক তরিকুল ইসলামের নেতৃত্বে সংগীয় এসআই(নিঃ) অরুণ কুমার, এএসআই(নিঃ)মোঃ মাসুদ রানা অভিযানে অংশ নেন।

ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করে জানান,গোপন সংবাদের ভিত্তিতে জয়পুর গ্রামের মাদক ব্যবসায়ী ইনসান বিশ্বাসের বাড়িতে বিশেষ অভিযান চালানো হয়। এসময় তার বসত ঘর থেকে ৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

আসামী ইনসান বিশ্বাসের বিরুদ্ধে মুজিবনগর থানায় এফআইআর নং ৬, তারিখ ১৩ নভেম্বর ২০২২, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ২০১৮ এর ধারা : ৩৬ (১) সরণির ১৪(গ)/৪১, মামলা নং জিআর ১৫২ মামলা রয়েছে।

এঘটনায় মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদা কাদিরপুরে কিতাব আলী হত্যার এজেহারভুক্ত আসামি তমছের আটক

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের কিতাব আলি হত্যার এজেহারভুক্ত একজন আসামিকে আটক করেছে দামুড়হুদা মডেল থানার পুলিশ। আসামি তমছের আলি (৪৫) কাদিপুর গ্রামের ইয়াসিন আলির ছেলে।

গতকাল রবিবার রাত ৮ টার দিকে কাদিপুর তার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।

উল্লেখ্য গত ১৯-০৪-২৩ তারিখে রাত সাড়ে ৮টার দিকে কিতাব আলি নিখোজ হলে পরদিন সকাল সাড়ে ৬টার দিকে কাদিপুর গোরস্থান পাড়ায় খালি জমির উপর মৃতদেহ দেখতে পায় এলাকাবাসী। সংবাদ পেয়ে চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, দামুড়হুদা সার্কেলের এএসপি জাকিয়া সুলতানা ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম ঘটনাস্থলে উপস্থিত থেকে মৃত কিতাব আলির লাশ উদ্ধার করেন।

পরে কিতাব আলির স্ত্রী রাবেয়া খাতুন বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় জাহাঙ্গীর, হাফিজুর,সাইফুল ইসলাম, তমছের,দিপু ও শহিদুলের নাম উল্লেখ করে হত্যা মামলা দায়ের করেন।

পরে মামলার তদন্ত কর্মকতা এস আই তৈহিদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে জাহাঙ্গীর, হাফিজুর, সাইফুল ইসলাম, তমশের, দিপুকে আটক করেন।